দৈনিক ইত্তেফাক

APR. 29 2002

## পাঁচ মাস ছাত্রদলের কেন্দ্রীয় কর্মকান্ড স্থগিত

# বিএনপি হাইকমান্ড ছাত্রদলকে ঢেলে সাজাতে চায়

**আনোয়ার আলদীন** ॥ দীর্ঘ ৫ মাস যাবৎ স্থগিত হয়ে আছে ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির কার্যক্রম। এখন বিএনপি হাইকমান্ড ছাত্রদলকে শুদ্ধি করে নতুন ধাঁচে সাজাবার চিন্তা-ভাবনা করছেন বলে জানা গেছে। পর্যবেক্ষণের মধ্যে থাকা ছাত্রদলের অতিসম্প্রতি কিছু কর্মকাণ্ডে সন্তুষ্ট নয় বিএনপি নীতি-নির্ধারকরা। গত ১৩ নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে সশস্ত্র মহড়ার দৃশ্য পত্রিকায় প্রকাশিত হওয়ার পর বিএনপি চেয়ারপার্সন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ১৭ নভেম্বর ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির কর্মকান্ড স্থগিত করছেন। স্থগিত কমিটির সভাপতি নাসিরউদ্দিন আহমেদ পিন্টু এমপি অব্যাহতি নেন। এরপর থেকে ছাত্রদলের কর্মকান্ডের ওপর কড়া নজর রাখা হচ্ছে। প্রচলিত সন্ত্রাসনির্ভর ছাত্র রাজনীতির বৃত্ত থেকে ছাত্রদলকে মুক্ত করার জন্য দলের বনানী কার্যালয় 'হাওয়া ভবন' চিন্তা-ভাবনা শুরু করে। বিএনপি নেতা তারেক রহমান ছাত্র রাজনীতির ব্যাপারে ঐ সময়ে সাংবাদিকদের কাছে খোলামেলা মতও প্রকাশ করেন। দলের বেশীর ভাগ প্রভাবশালী নেতাদের মতামত হলো কোন অভিভাবক চান না প্রচলিত ধারার সহিংস ছাত্র রাজনীতি। ছাত্র রাজনীতির প্রয়োজনীয়তাও এখন অতীতের মত গুরুত্ব বহন করে না। কলেজ-বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদগুলোকে সক্রিয় করলেই ছাত্র রাজনীতির অভাব দূর হবে। মেধাবী ছাত্ররা নেতৃত্বে আসতে পারবেন। এমন বাস্তবতার কারণে ছাত্র রাজনীতি বন্ধ করা নিয়েও সরকারের (১৪শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

...টেকসই পরিবেশ ...য় রিপোর্টটি প্রণয়ন রিপোর্টের বিষয়বস্তু হবে

### ৫ মাস ছাত্রদলের

(৩য় পৃঃ পর)

ভেতর-বাইরে আলোচনা চলে। জাতীয় সংসদে এ নিয়ে আলোচনা হয়। তবে শেষ পর্যন্ত কো সিদ্ধান্ত হয়নি। 'হাওয়া ভবনের নজরদারীর কারণে ছাত্রদল অনেক সংযত হয়। ছাত্রদলে কার্যক্রম গত ৫ মাসে বিচ্ছিন্ন কিছু ঘটনা ছা মোটামুটি সন্তোষজনক বিএনপি নেতৃবৃন্দে কাছে।

এদিকে ছাত্রদলের কমিটি প্রত্যাশী চাচ্ছেন- বিএনপির বনানীর 'হাওয়া ভবন' থে

যোগ্য নেতৃত্ব নির্বাচন করে কমিটি গঠন করা হোক। এতে রাজনীতিতে ছাত্রদল প্রকৃত অর্থে একটি যোগ্য তরুণ নেতৃত্ব লাভ করতে পারবে বলে তাদের ধারণা। কমিটিতে ভাল পদ-পদবীতে ঠাই পাওয়ার প্রত্যাশায় ছাত্রদলের অনেক নেতা-কর্মী লবিং করছেন। সকলের টার্গেট 'হাওয়া ভবন' থেকে এবার কমিটি বেরুবে। তাই অছাত্র-ব্যবসায়ী, বিবাহিতরা আগে-ভাগেই লবিং এর পথে না গিয়ে কেটে পড়ছেন। ক্যাম্পাসে নিয়মিত এবং লবিং করছেন যারা তাদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন মনির হোসেন, আজিজুল বারী হেলাল প্রমুখ।

জানা গেছে ছাত্রদলের কমিটি গঠন নিয়ে বিগত সময়ে যে বিতর্ক তৈরী হয়েছিল, বর্তমানে 'হাওয়া ভবন' বিষয়টি নিয়ে ভাবার কারণে সে সংশয় দূর হয়েছে। এদিকে ছাত্রদলের স্থগিত কমিটির সহ-সভাপতি ছায়েদুর রহমান নিউটন, যুগ্ম-সম্পাদক মুন্সি বজলুল বাসিত আঞ্জু ও প্রচার সম্পাদক শামীম পারভেজ ঢাকা সিটির কমিশনার নির্বাচিত